

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
আইনসেল
www.moedu.gov.bd

নং-শিম/আইনসেল(সুয়ো মটো রুল)-৩/২০১০/৫৭০ তারিখঃ ১০ ভাদ্র ১৪১৭ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০১০ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মীয় পোশাক পরতে বাধ্য না করা প্রসঙ্গে।

সরকারি/বেসরকারি কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্রীদেরকে ধর্মীয় পোশাক পরতে বাধ্য করা হচ্ছে এবং তাদেরকে খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধা দেয়া হচ্ছে মর্মে সম্প্রতি কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়েছে-যা সরকারের দৃষ্টিগোচরে এসেছে। ছাত্রীদের সু-শিক্ষা ও মেধা বিকাশের জন্য ধর্মীয় পোশাক পরতে বাধ্য করা এবং খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধা দেয়া কোনক্রমেই কাম্য নয়।

২। এমতাবস্থায়, বাংলাদেশ সংবিধানের ২৮ অনুচ্ছেদ অনুযায়ী মানবাধিকার সংরক্ষণের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

০১. শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রীদেরকে বোরকা বা ধর্মীয় পোশাক পরতে বাধ্য করা যাবে না;
০২. ছাত্রীদের খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধা দেয়া যাবে না;
০৩. বোরকা না পরার কারণে কোন ছাত্রীকে নির্যাতন, হয়রানী বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে না;
০৪. বোরকা বা ধর্মীয় পোশাক পরতে বাধ্য করা এবং ছাত্রীদের খেলাধুলা ও অন্যান্য সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধা প্রদান অসদাচরণ হিসেবে গণ্য করা হবে;
০৫. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ব্যবস্থাপনা কমিটি নিজ নিজ প্রতিষ্ঠানে ১-৪ নং ক্রমিকে বর্ণিত বিষয়গুলো প্রতিপালনে প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবেন;
০৬. বর্ণিত বিষয়ে কোন অভিযোগ পাওয়া গেলে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/শিক্ষা বোর্ড তদন্ত পূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৩। উপরোক্ত নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/- ২৫/৮/২০১০
(সৈয়দ আতাউর রহমান)
সচিব

বিতরণঃ

সদয় কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (তাকে সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৩। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/যশোর/সিলেট/বরিশাল/দিনাজপুর
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড/বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
- ৫। জেলা প্রশাসক----- (সকল)


- ৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/কুমিল্লা/ময়মনসিংহ/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর
৭। সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। জেলা শিক্ষা অফিসার----- (সকল)
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার----- (সকল)

নং- শিম/আইনসেল(সুয়ো মটো রুল)-৩/২০১০/৫৭০/১০(২)

তারিখঃ ১০ ভাদ্র ১৪১৭ বঃ
২৫ আগস্ট ২০১০ খ্রিঃ

অনুলিপিঃ

- সদয় জ্ঞাতার্থেঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা


(মোঃ মাহবুব-উল-আলম)
আইন কর্মকর্তা (উপ-সচিব)
ফোনঃ ৯৫৬৩৫১৬